**বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড**
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৪১১.২৯.০৬৪.১৬- ৫৯৯ তারিখ: ১৭/০১/২০২৪ খ্রি.

**বিষয়: বিআরডিবি'র "এক পল্লী এক পণ্য ধারণার ভিত্তিতে পণ্যভিত্তিক জীবিকায়ন পল্লী সৃজনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও পল্লী পণ্য বিপণন" শীর্ষক সহজিকৃত সেবাটি বাস্তবায়ন।**

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক গাইবান্ধা জেলায় 'গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ' শীর্ষক প্রকল্পটি জানুয়ারি ২০১৮ থেকে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়িত হয়। মানবসম্পদ উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, আয় ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে গাইবান্ধা জেলার পল্লী অঞ্চলে বসবাসকারী দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে এ প্রকল্পটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এ প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত সুফলভোগীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, উৎপাদিত পণ্যের বাজারজাতকরণ সহায়তাসহ নদী ভাঙন এলাকার সুফলভোগীদের জীবনমান উন্নয়নে বিভিন্ন সেবা কার্যক্রম পরিচালনা করা সহজ হয়েছে। প্রকল্পের বহুমুখি সহায়তার ফলস্বরূপ গাইবান্ধা জেলার বিভিন্ন গ্রামে নির্দিষ্ট জীবিকাভিত্তিক কার্যক্রম প্রতিষ্ঠা লাভ করেছে যা এক পল্লী এক পণ্য ধারণাকে প্রতিনিধিত্ব করছে। বিষয়টি গাইবান্ধা জেলাসহ উচ্চ পর্যায়ে বেশ প্রশংসিত হয়েছে। এ মডেলটি সফল ও জনপ্রিয় হওয়ায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং অন্যান্য দপ্তরসহ মন্ত্রণালয় এ বিষয়ে কার্যক্রম বাস্তবায়ন করার আগ্রহ প্রকাশ করেছেন। তাই, এ ধরণের কার্যক্রম গাইবান্ধা জেলার পাশাপাশি বৃহত্তর রংপুর বিভাগের ০৫টি জেলায় সম্প্রসারণের লক্ষ্যে মন্ত্রণালয়ে একটি ডিপিপি দাখিল করা হয়েছে। পাশাপাশি 'এক পল্লী এক পণ্য ধারণার ভিত্তিতে পণ্যভিত্তিক জীবিকায়ন পল্লী সৃজনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও পল্লী পণ্য বিপণন' সেবাটি একটি মডেল হিসেবে সমগ্র বাংলাদেশে বাস্তবায়নের লক্ষ্যে সহজিকরণ করা হয়েছে।

২। সেবাটি মাঠ পর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণীয়:

(ক) পণ্যভিত্তিক পল্লীর জন্য গ্রাম নির্বাচন ও স্থানীয় জনসাধারণকে ধারণা প্রদান করতে হবে;

(খ) নির্বাচিত গ্রামে জরিপ, উন্মুক্ত সভা, সুফলভোগী নির্বাচন, সমিতি গঠন, ব্যবস্থাপনা কমিটি গঠন ইত্যাদি সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারি কর্তৃক যাচাই-বাছাই কার্যক্রম সম্পাদন করতে হবে;

(গ) সদস্যদের আবেদন পত্রসমূহ ইউআরডিও কর্তৃক স্বীকৃত হতে হবে;

(ঘ) প্রস্তাবিত পণ্যভিত্তিক জীবিকায়ন পল্লীতে সুফলভোগীদের অভিজ্ঞতা, জ্ঞান, দক্ষতা অর্জনে যথেষ্ট প্রশিক্ষণ প্রদান করতে হবে;

(ঙ) প্রশিক্ষণোত্তর সহায়তা/ প্রয়োজনীয় পুঁজি সরবরাহের ব্যবস্থা করতে হবে;

(চ) প্রশিক্ষণ লব্ধ জ্ঞান কাজে লাগিয়ে উৎপাদন শুরু ও মার্কেট লিংকেজ সৃষ্টি করতে হবে;

(ছ) উৎপাদিত পণ্য ব্রান্ডিং এর লক্ষ্যে বিভিন্ন মাধ্যমে প্রচার ও প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২। উপর্যুক্ত প্রক্রিয়া অনুসরণ করা হলে বিআরডিবি'র আওতাধীন "এক পল্লী এক পণ্য ধারণার ভিত্তিতে পণ্যভিত্তিক জীবিকায়ন পল্লী সৃজনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও পল্লী পণ্য বিপণন" সেবাটি গ্রহণ ও বাস্তবায়ন সহজতর হবে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ফরমেট অনুযায়ী একটি বুকলেট প্রণয়ন করা হয়েছে (কপি সংযুক্ত)।

৩। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে উল্লিখিত বিষয়সমূহ ও বুকলেটটি অনুসরণপূর্বক সেবাটি বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: সেবা সহজিকরণ সংক্রান্ত বুকলেট।

১৭/১/২৪

**আঃ গাফ্‌ফার খান**
মহাপরিচালক (গ্রেড-১)
বিআরডিবি
ফোন: +৮৮-০২-৪১০১০৩২০
ই-মেইল: dg@brdb.gov.bd

**বিতরণঃ**

১। পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।

২। যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।

৩। উপপরিচালক (সকল), সদরদপ্তর, বিআরডিবি, ঢাকা ।

৪। উপপরিচালক (সকল), জেলাদপ্তর, বিআরডিবি ।

৫। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা। (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশ এবং তথ্য বাতায়নের সংশ্লিষ্ট সেবাবক্সে হালনাগাদের জন্য)।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৪১১.২৯.০৬৪.১৬- ৫৯৯ তারিখ: ১৭/০১/২০২৪ খ্রি.

**অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে-**

১। সিনিয়র সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

৩। অফিস কপি।

১৭/০১/২০২৪

নাজনীন খানম
উপপরিচালক (প্রোগ্রামিং)
বিআরডিবি, ঢাকা
ফোন: +৮৮-০২-৪১০১০৩৩৪
ই-মেইল: ddprog@brdb.gov.bd